[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানার ওসি তদন্ত ফৈরদৌস ওয়াহিদের নির্দেশে এস আই সিরাজজুল ইসলাম, এস আই আনিছ ও এস আই গাফফার সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার নারায়পুর গ্রামে একটি ইজিবাইক তল্লাশী করে ৫ কেজি ২০০ গ্রাম গাঁজাসহ জামিনুর রহমানকে(২১) আটক করে পুলিশ।

আটককৃত আসামী জামিনুর রহমান জামালপুর জেলার সরিষাবাড়ি থানার কাস্টসিংহ গ্রামের আবুল কালামের ছেলে।

এ বিষয়ে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

কোটচাঁদপুরে বৈদেশিক কর্মসংস্থানের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের সহযোগিতায় স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা কর্মসংস্থান ও জনশক্তি প্রশিক্ষণ ব্যুরোর সহকারি পরিচালক সমিতা রানী মজুমদার। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) মোঃ রুস্তম আলী, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসিরসহ কোটচাঁদপুর উপজেলায় কর্মরত বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ।

সংবাদ সম্মেলনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় কর্তৃক ১৬টি দেশে পুরুষকর্মী প্রেরণের অভিবাসন ব্যয় এবং স্থানীয়

জেলা প্রশাসকের কার্যালয়ে মালয়েশিয়া, সৌদি আরব ও কাতারের ভিসা পরিক্ষার বিষয়ে অবগত করা হয়। সেই সাথে হয়রানি বন্ধ করতে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানের ডাটাবেজ তৈরী করা হয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

মহেশপুর হাসপাতালে স্বাস্থ্যসেবা ভেঙ্গে পড়েছে ফার্মেসিটি ও ষ্টোর কিপার না থাকায়

ঝিনাইদহের মহেশপুর ৫০শয্যা স্বাস্থ্য কেন্দ্রে দীর্ঘদিন ধরে ফার্মেসিটি ও ষ্টোর কিপার না থাকায় স্বাস্থ্যসেবা ভেঙ্গে পড়েছে। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা অসহায়ত্ব প্রকাশ করেছেন।

প্রাপ্ত তথ্যে জানা গেছে, মহেশপুর হাসপাতালে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে বর্তমানে ডাক্তার ও ঔষধ ঘাটতি না থাকলেও ২জন ফার্মেসিটি,ষ্টোর কিপার, পরিসংখ্যানবিদ,ক্যাশিয়ার,মালি পদ দীর্ঘদিন শূণ্য রয়েছে।

উপজেলা ইউএইচএন্ডএফপিও ডাঃ আনজুমানারা বেগম জানান, এ সকল পদগুলি দীর্ঘদিন শূণ্য থাকায় তারা সঠিকভাবে কাজ করতে পারছে না। এই হাসপাতালে ১৩জন কর্মকর্তা ও কর্মচারি বিভিন্ন বিভাগে কর্মরত থাকলেও তারা ডেপুটেশনে বাইরে কর্মরত রয়েছে।

ফলে হাসপাতালের জনবল সংকট থাকায় তারা মানুষকে সঠিকভাবে সেবা দিতে পারছে না। তিনি আরো বলেন, এ সকল বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে একাধিকবার জানিয়ে কোন সূরাহ হয়নি। এদিকে মহেশপুর হাসপাতালের রোগীরা নানাভাবে সেবা নিতে এসে বঞ্চিত হচ্ছে।

ডাক্তার ও ঔষধ থাকলেও তারা সেবা পাচ্ছে না। ইতিপূর্বে ডাক্তার না থাকার কারণে নানা সমস্যায় ছিল এই হসপিটালটি। গত কয়েক মাস আগে

১৭জন ডাক্তার একসাথে যোগদান করায় ডাক্তার সংকট দূর হয়েছে।

এ বিষয়ে জেলা সিভিল সার্জন সেলিনা বেগম জানান, মহেশপুর হাসপাতালের সমস্যাগুলি আমরা লিখিতভাবে পরিচালক স্বাস্থ্য অধিদপ্তর কে জানিয়েছি কিন্তু এখনও কোন সূরাহ হয়নি। মহেশপুর হাসপাতালে স্বাস্থ্যসেবা ব্যাহত হচ্ছে বলে তিনি জানান। উল্লেখ্য,মহেশপুর একটি বৃহত্তর উপজেলা। এই উপজেলার ৫ লক্ষাধিক মানুষ এই হাসপাতালের উপর নির্ভরশীল। এলাকাবাসী মহেশপুর হাসপাতালকে আরো আধুনিকায়ন ও সমস্যা সমাধানের জন্য স্বাস্থ্য মন্ত্রীর জরুরী হস্তক্ষেপ কামনা করেছে।

ঝিনাইদহে জাতীয় ভোটার দিবস পালিত

‘ভোটার হয়ে ভোট দেব, দেশ গড়ায় অংশ নেব’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা নির্বাচন অফিসের আয়োজনে সোমবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, জেলা শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব।

এসময় বক্তারা, বয়স ১৮ হলেই ভোটার হওয়ার জন্য সঠিত তথ্য প্রদাণ করে নিভূল ভোটার প্রনয়ণে সহয়তা করার আহ্বান জানান।

ঝিনাইদহে পুলিশের বাঁধায় বিএনপির মানববন্ধন কর্মসূচী পন্ড

নাইদহে বিএনপির মানববন্ধন কর্মসূচী পুলিশের বাঁধায় পন্ড হয়ে গেছে। সোমবার সকালে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে শহরের এইচ এস এস সড়কের জেলা বিএনপির কার্যালয়ের সামনে বিদ্যুৎ, পানিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদে কর্মসূচীর আয়োজন করা হয়। মানববন্ধন চলাকালে জেলা বিএনপির নেতৃবৃন্দ সরকার বিরোধী উস্কানিমূলক বক্তব্য রাখছিলেন।

এ বক্তব্য চলাকালে সদর থানার ওসি’র নেতৃত্বে পুলিশ মানববন্ধন কর্মসূচীতে বাঁধা দেয়। পরে পুলিশ নেতাকর্মীদের ধাওয়া করলে তারা ছত্রভঙ্গ হয়ে যায়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান জানান বিএনপি মানুষের চলাচলের রাস্তা বন্ধকরে দীর্ঘসময় ধরে মানবন্ধন কর্মসূচী পালন করছিল সে কারনে জনগণের শান্তিপূর্ণ চলাচলে স্বার্থে ও জান মালের নিরাপত্তার কারনে তাদেরকে আমরা ছত্রভঙ্গ করে দিয়েছি।

কোটচাঁদপুরে জাতীয় বীমা দিবস পালিত

“বীমা দিবসে শপথ করি উন্নত দেশ গড়ি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে ১ম জাতীয় বীমা দিবস।

দিবসটি উপলক্ষে গতকাল রবিবার সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা ব্রাঞ্চ কো-অডিনেটর মঈন উদ্দীন খাঁন, ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্সের উপজেলা ডেভলপমেন্ট অফিসার ইমদাদুল হক, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের আবুল কালাম আজাদ, জীবন বীমা কর্পোরেশনের ডেভলপমেন্ট অফিসার শ্যাম সুন্দর মন্ডল।

বক্তারা বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই। ১৯৬০ সালের ১লা মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন। সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে ১ম জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন।

এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সে কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন। শেষে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মানে বীমার গুরুত্ব শীর্ষক রচনা প্রতিযোগিতায় অতিথিরা বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহে এনআরবিসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

প্রযুক্তিগত সব সুযোগসুবিধা নিয়ে ঝিনাইদহ শহরের এইচএসএস সড়কের থানার সামনের জোহান মার্কেটে যাত্রা শুরু হলো এনআরবি কমার্শিয়াল ব্যাংকের (এনআরবিসি) উপ-শাখার কার্যক্রম। রোববার সকালে নতুন শাখাটির উদ্বোধন করেন ব্যাংকের পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান রফিকুল ইসলাম মিয়া আরজু।

ব্যাংকের ঝিনাইদহ উপ-শাখার ইনচার্জ ইমতিয়াজ হোসেন সবুজ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ব্যাংকের পরিচালক এ কে এম মোস্তাফিজুর রহমান, ঝিনাইদহের জোহান এগ্রো ফুড প্রোডাক্টস প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোয়াজ্জেম হোসেন, সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম। এছাড়াও উপস্থিত ছিলেন, ব্যাংকের সাপোর্ট সার্ভিসেস এন্ড ব্রাঞ্চেস বিভাগের প্রধান মেজর (অব:) পারভেজ হোসেন, ইন্টারন্যাশনাল বিভাগের ভিপি আবু মোশাহীদ, হাটগোপালপুর শাখার প্রধান রাসেল মেহেদী প্রমুখ। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ফিতা কেটে উপ-শাখার উদ্বোধন করা হয়।

এসময় ব্যাংক কর্তৃপক্ষ জানান, এ উপ-শাখার মাধ্যমে ঝিনাইদহবাসী হোম লোন ৯৯৯, রেমিটেন্স সেবা, নগদ লেনদেন সুবিধা, ফান্ড ট্রান্সফার, ইউটিলিটি বিল গ্রহণ, ডেবিট-ক্রেডিট কার্ড সেবা, ইন্টারনেট ব্যাংকিংসহ শহজ শর্তে গ্রাহকরে ঋণ সুবিধা প্রদাণ করবে। পরে অনুষ্ঠানের দোয়া মাহফিলে ব্যবসায়ী, আমানতকারী, স্টেকহোল্ডারদের সমৃদ্ধি কামনা করা হয়।

মহেশপুরে ক্যাপসিকাম চাষে সফল

ঝিনাইদহের মহেশপুরে প্রথমবারের মতো ক্যাপসিকাম চাষ করে সফল হয়েছেন মামা সুলতান মাহমুদ ও ভাগ্নে আলমগীর কবির। ইতোমধ্যে বাগানের ফল বিক্রি করে লাভবান হয়েছেন তারা। উপজেলার সীমান্তবর্তী

কুসুমপুর মাঠপাড়ায় মামা সুলতান মাহমুদ ও ভাগ্নে আলমগীর তিন একর জমিতে ক্যাপসিকাম চাষ করে।

জানা গেছে, শুরুতে বাংলাদেশি কিছু বীজ থেকে চারা তৈরির চেষ্টা করে সফলতা পাননি তারা। এরপর কৃষি বিভাগের সহযোগিতায় দক্ষিণ কোরিয়া থেকে বীজ এনে বীজতলা করেন। সেখান থেকে ১৫শ’ চারা তিন একর জমিতে রোপণ করেন। দু-মাস পর থেকেই শুরু হয় ফল সংগ্রহ।

সাধারণত সেপ্টেম্বরের মাঝামাঝিতে বীজ ছিটানোর পর নভেম্বর থেকেই জমি তৈরি করে মালচিং পেপার দিয়ে চারা রোপণ শুরু হয়।

ক্যাপসিকাম চাষি সুলতান মাহমুদ বলেন, বিদেশি এই ফসলের জন্য তাপমাত্রা লাগে ১৫ থেকে ২৫ ডিগ্রি সেলসিয়াস। কিন্তু এখানে অনেক সময় কম-বেশি হয়েছে। তবুও আমাদের ফলনের কমতি হয়নি। এ বছর বাংলাদেশের কোথাও ক্যাপসিকামের ভালো ফলন হয়নি, কিন্তু আমাদের ফলন ভালো হয়েছে।

তিনি জানান, এক একর জমিতে ১৫শ’ গাছ লাগিয়েছিলাম। তবে সেখান থেকে ৭শ’র মতো গাছ মারা যায় আর বাকিগুলো থেকে ফল সংগ্রহ চলছে। প্রতি গাছে ১২ থেকে ১৫টি ফল আছে। ৫-৬টি ফলে এক কেজি হচ্ছে। পাইকারি এই ফল ঢাকায় অর্ডারে পাঠাই ১৩০ থেকে ১৬০ টাকা কেজি দামে। বর্তমানে প্রতিদিন ৫-৭ শ’ কেজি ফল পাঠানো হচ্ছে ঢাকায়। ক্ষেত থেকে ক্যাপসিকাম আরও প্রায় ১২০ দিন সংগ্রহ করা যাবে। আবার অনেক গাছেই নতুন করে ফুল থেকে ফল আসছে।
অপর চাষি আলমগীর কবির বলেন, ইতোমধ্যে ৪ লাখ টাকার বিক্রি হয়েছে। আরও ৬ লক্ষাধিক টাকার বিক্রির আশা করছি ।

সাধারণত ক্ষেত থেকে তুলে ফলগুলো প্যাকেজিং করে ঢাকায় পাঠানো হয়। কৃষি কর্মকর্তারা সবসময়ই আমাদের ক্ষেতে আসছেন, খোঁজ-খবর নিয়ে নানা পরামর্শ দিচ্ছেন। ফলে আমরাও তাদের পরামর্শে কাজ করে ভালো ফলাফল পাচ্ছি।

ক্যাপসিক্যাম ক্ষেতে আসা দর্শনার্থী আব্বাস আলী বলেন, নতুন একটি ফল চাষ হয়েছে শুনে এখানে এসেছি। এ ফল আগে আমরা কোনোদিন দেখিনি। বিদেশি এ ফল আমাদের মহেশপুরে চাষ হচ্ছে, দেখে খবই ভালো লাগছে।

উপজেলার স্বরূপপুর ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা রবিউল কবির জানান, ক্যাপসিকামের মূল শক্রু এফিডজ্যাসিড জাতীয় কিছু পোকা। এই পোকা দমনে এখানে ব্যবহার করা হচ্ছে বিষমুক্ত ইয়োলো ও ব্লু

ট্রাপ। এই পোকা না লাগলে ফলন অনেক ভালো হয়।

মহেশপুর উপজেলা কৃষি কর্মকর্তা হাসান আলী জানান, মামা-ভাগ্নে ক্যাপসিকাম চাষে ঝিনাইদহের অর্থনীতিতে অবদান রাখছেন। আমদানি ক্যাপসিকামের তুলনায় আমাদের উৎপাদিত ক্যাপসিকামের গুণগত মান অনেক ভালো। ফলে স্থানীয় চাহিদা মিটিয়ে এটি বিদেশে রফতানির সম্ভাবনা রয়েছে। আগামীতে পুষ্টিগুণসমৃদ্ধ এই চাষ বাড়াতে পরামর্শের পাশাপাশি বিভিন্ন এলাকার কৃষককে ক্ষেতে এনে উৎসাহিত করা হচ্ছে।

তিনি জানান, প্রথমে যখন চাষটি শুরু হয়েছিল তখন অনেক গুঞ্জন তৈরি হয়েছিল স্থানীয়দের মধ্যে। কিন্তু সেই গুঞ্জনকে পেছনে ফেলে সফলতা এসেছে। তাই অবশ্যই আমরা বলতে পারি, এই অঞ্চলের মাটি ও আবহাওয়া ক্যাপসিকাম চাষের জন্য উপযোগী।

ঝিনাইদহে করোনা ভাইরাস প্রতিরোধ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে করোনা ভাইরাস প্রতিরোধ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার রাতে শহরের একটি রেস্টুরেন্টে ইনসেপ্টা কোম্পানীর প্যান্টোনিক্সের সহযোগিতায় এ বিজ্ঞান বিষয়ক সেমিনারের আয়োজন করে বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) জেলা শাখা।

বিএমএ জেলা শাখার সভাপতি ডা: এবিএম সিদ্দিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। স্বাগত বক্তব্য রাখেন বিএমএ জেলা শাখার সাধারণ সম্পাদক ডা: রাশেদ আল মামুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএমএ জেলা শাখার সহ-সভাপতি ডা: নুরুন নবী, সাবেক সাধারণ সম্পাদক ডা: দুলাল কুমার চক্রবর্তী, সহ-সভাপতি ডা: মুন্সী রেজা সেকেন্দার, সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: আইয়ুব আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন, ইনসেপ্টা গ্রুপের ডেপুটি সেলস ম্যানেজার আবুল হোসেন, রিজিওনাল সেলস ম্যানেজার মতিয়ার রহমান, এরিয়া ম্যানেজার আলমগীর হোসেন, এম এন নুরুল ইসলাম, শফিকুল ইসলাম গনেশ কুমার দাস প্রমুখ।

পরে করোনা ভাইরাস প্রতিরোধে বিভিন্ন চিকিৎসকদের করনীয় বিষয়ে আলোচনা ও বিভিন্ন গবেষনা তুলে ধরে একাধিক চিকিৎসক। অনুষ্ঠান পরিচালনা করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা: প্রসেনজিৎ বিশ্বাস পার্থ।

সেমিনারে ঝিনাইদহে কর্মকর্তা ১’শ ৫৫ জন চিকিৎসক অংশগ্রহণ করেন। পরে জেলা পদায়নকৃত ৩৭ ও ৩৯ তম বিসিএস’এ নিয়োগ প্রাপ্ত ৮৭ জন চিকিৎসককে সংবর্ধনা দেওয়া হয়।